



বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

www.bfiu.org.bd

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর প্রধান কর্মকর্তা পদে নিয়োগ বিজ্ঞপ্তি।

নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাদিতে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর প্রধান কর্মকর্তা পদে নিয়োগের জন্য বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

- (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনূ্যন স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে;
- (২) সরকারের অর্থ বা আর্থিক প্রতিষ্ঠান সংক্রান্ত কার্যক্রমে অনূ্যন ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ প্রশাসনিক কার্যক্রমে সর্বমোট অনূ্যন ২০(বিশ) বৎসরের অভিজ্ঞতা বা কেন্দ্রীয় ব্যাংকের কার্যক্রমে অনূ্যন ২০(বিশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে;
- (৩) মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রমে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে;
- (৪) সন্তোষজনক যোগাযোগ, উপস্থাপনা ও নেগোসিয়েশন কৌশলে দক্ষতা (Communication, Presentation and Negotiation Skill) সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া হবে;
- (৫) ১৪ নভেম্বর ২০২৪ তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৬২(বাষটি) বছর হবে;
- (৬) বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দিষ্ট তারিখের মধ্যে এবং চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে;
- (৭) সরকার নির্ধারিত বেতন-ভাতাদি ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান সাপেক্ষে নির্ধারিত মেয়াদের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। সন্তোষজনক চাকুরির ভিত্তিতে মেয়াদান্তে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যাবে;
- (৮) কেবলমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে চূড়ান্ত নির্বাচনের লক্ষ্যে সাক্ষাৎকারের জন্য পত্র প্রেরণ করা হবে;
- (৯) আত্মহী প্রার্থীকে জীবন-বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা/পেশাগত সনদপত্রের ফটোকপি, ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সাম্প্রতিক তোলা রঙিন ছবি এবং যোগাযোগের বিস্তারিত ঠিকানা সহ সাদা কাগজে সভাপতি, বিএফআইইউ এর প্রধান কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত কমিটি বরাবরে লিখিত আবেদনপত্র হার্ডকপি নিম্ন ঠিকানায় ও সফটকপি নিম্নবর্ণিত ইমেইলে ১৪ নভেম্বর ২০২৪ তারিখ সন্ধ্যা ৬.০০ ঘটিকার মধ্যে প্রেরণ করতে হবে;
- (১০) কমিটি কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

আবেদন পৌঁছানোর ঠিকানা:

পরিচালক (বিএফআইইউ), বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, দ্বিতীয় সংলগ্নী ভবন, ১২ তলা, মতিঝিল, ঢাকা-১০০০। ইমেইল: manisur.rahman@bb.org.bd

(মুহাম্মদ আনিছুর রহমান)

পরিচালক (বিএফআইইউ)

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

ও

সাচিবিক সহায়তা প্রদানকারী কর্মকর্তা